# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali TextBulletin

**02-04-2026** **Time: 7.50 PM**

---

**বিশেষ বিশেষ খবর –**

১) মালদায় বিচারক নিগ্রহের ঘটনায় সুপ্রিম কোর্টের নির্দেশ মত সিবিআইকে দিয়ে তদন্তের সিদ্ধান্ত নিয়েছে  নির্বাচন কমিশন। বিজেপি মালদার ঘটনার তীব্র নিন্দা করেছে। তৃণমূল কংগ্রেস বলেছে, এই ধরনের ঘটনা কাম্য নয়।

২) রাজ্য বিধানসভা নির্বাচনে দ্বিতীয় দফায় ১৪২টি আসনে আগামী ২৯-শে এপ্রিল ভোটগ্রহণের জন্য আজ বিজ্ঞপ্তি জারির মধ্য দিয়ে মনোনয়ন পত্র দাখিলের কাজ শুরু হয়েছে।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, কংগ্রেস নেতা অধীর চৌধুরী সহ বেশ কয়েকজন আজ মনোনয়ন পত্র জমা দিয়েছেন।

৩) প্রবীণ বিজেপি নেতা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ বাংলায় পরিবর্তন আনতে ভবানীপুরে পরিবর্তন আনার ডাক দিয়েছেন।

৪) আগামী দুদিন রাজ্যের সর্বত্র গরম বজায় থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

৫) কলকাতার ইডেন গার্ডেনসে  আজ সন্ধ্যায় আইপিএল  ক্রিকেট ম্যাচে কলকাতা নাইটরাইডার্স, টসে জিতে সানরাইজার্স হায়দ্রাবাদকে ব্যাট করতে পাঠিয়েছে।

---

মালদায় বিচারক নিগ্রহের ঘটনায় সুপ্রিম কোর্টের নির্দেশ মত সিবিআই কে দিয়ে তদন্তের সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন। আগামী সোমবারের মধ্যে প্রাথমিক রিপোর্ট সুপ্রিম কোর্টে জমা দিতে হবে ।

এদিকে, মালদার কালিয়াচকে বিচার বিভাগীয় আধিকারিকদের ঘেরাওয়ের ঘটনায় রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে তীব্র অসন্তোষ প্রকাশ করেছেন মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার। আজ এই বিষয়ে এক ভার্চুয়াল জরুরি বৈঠকে রাজ্যের শীর্ষ প্রশাসনিক ও পুলিশ কর্তাদের তিনি কড়া বার্তা দিয়েছেন বলে কমিশন সূত্রে জানা গেছে। মুখ্যসচিব, ডিজিপি, মুখ্য নির্বাচনী আধিকারিক, কলকাতা পুলিশের কমিশনার-সহ সব জেলাশাসক ও পুলিশ সুপারদের নিয়ে দীর্ঘ সময় ধরে চলে এই বৈঠক। সেখানে মালদার ঘটনার পুনরাবৃত্তি হলে সংশ্লিষ্ট আধিকারিকদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে স্পষ্ট জানিয়ে দেন মুখ্য নির্বাচন কমিশনার। তিনি বলেন শুধুমাত্র বদলি কোনো শাস্তি নয়।

মালদার জেলাশাসক ও পুলিশ সুপারের ভূমিকা নিয়েও প্রশ্ন তোলেন তিনি। কয়েক ঘণ্টা ধরে অশান্তি চললেও কেন কোনও সিনিয়র আধিকারিক ঘটনাস্থলে ছিলেন না, তা নিয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করেন। রাজ্যের ডিজিপিকেও তিনি প্রশ্ন করেন, আগে থেকে কেন প্রতিরোধমূলক ব্যবস্থা নেওয়া হয়নি।

ইতোমধ্যে পুর ও নগরোন্নয়ন দপ্তরের প্রধান সচিব মহম্মদ গুলাম আলি আনসারিকে মালদা ডিভিশনের কমিশনার করে পাঠানো হয়েছে।

নিরাপত্তা নিয়েও কড়া অবস্থান নিয়েছে কমিশন। নির্দেশ দেওয়া হয়েছে, প্রকৃত প্রয়োজন ছাড়া কাউকে নিরাপত্তা দেওয়া হবে না। যেসব নেতার বিরুদ্ধে জামিন অযোগ্য পরোয়ানা রয়েছে, তাঁদের নিরাপত্তা অবিলম্বে প্রত্যাহার করতে হবে। একইসঙ্গে বিচার বিভাগীয় আধিকারিকদের নিরাপত্তা জোরদার করার নির্দেশ দেওয়া হয়েছে। প্রয়োজনে তাঁদের এবং তাঁদের পরিবারের জন্য অতিরিক্ত নিরাপত্তা বা নিরাপদ আশ্রয়ের ব্যবস্থাও করতে হবে বলেও রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গেছে।

অন্যদিকে, এই ঘটনায় ক্ষুব্ধ সুপ্রিম কোর্ট, নির্বাচন কমিশনকে জাতীয় তদন্ত সংস্থা NIA বা কেন্দ্রীয় তদন্ত ব্যুরো CBI-কে দিয়ে তদন্তের নির্দেশ দিতে বলেছে। শীর্ষ আদালতের নির্দেশে ওই বিচারকরা SIR-এ অ্যাডজুডিকেশন তালিকার বিচার করছিলেন। শীর্ষ আদালত অবিলম্বে নির্বাচন কমিশন, স্বরাষ্ট্র সচিব, ডিজিপি এবং জেলা ম্যাজিস্ট্রেটকে ঘটনার বিস্তারিত রিপোর্টও দিতে বলেছে।

কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল, আজ সকালে সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি সূর্যকান্তকে এ ব্যাপারে বিস্তারিত জানান। ওই ঘটনা সুপরিকল্পিত বলেও উল্লেখ করেন প্রধান বিচারপতি সূর্যকান্ত এবং দুই বিচারপতি জয়মাল্য বাগচী ও বিপুল এম পাঞ্চোলি।

ইতিমধ্যেই ওই ঘটনায় আইএসএফ প্রার্থী মৌলানা শাহজাহান আলি-সহ মোট ১৮ জনকে গ্রেফতার করে আদালতে পেশ করা হলে তাদের ১০ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেওয়া হয়। তবে, আইএসএফ প্রার্থী শাহজাহান আলি কাদরী দাবি করেছেন, তাঁকে চক্রান্ত করে ফাঁসানো হয়েছে। ঘটনার দিন তিনি সেখানে ছিলেন না, অন্য একটি গ্রামে ছিলেন।

এদিকে, মোথাবাড়ি ও কালিয়াচক এলাকায় পরিস্থিতি এখনও থমথমে। অবস্থা নিয়ন্ত্রণে রাখতে মোতায়েন রয়েছে পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী। প্রশাসনের পক্ষ থেকে শান্তি বজায় রাখার আবেদনও জানানো হয়েছে।

শীর্ষ আদালত, জুডিশিয়াল অফিসারদের নিরাপত্তার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়ার পাশাপাশি ট্রাইবুনালে আবেদন দাখিল বা শুনানির সময়ে, দু-তিনজনের বেশী লোককে সংশ্লিষ্ট দপ্তরে প্রবেশ করতে দেওয়া যাবেনাও বলে নির্দেশ দিয়েছে। পাঁচ জনের বেশী মানুষের জড়ো হওয়ার ওপরেও জারি করা হয়েছে নিষেধাজ্ঞা। সবক’টি রাজনৈতিক দলের নেতা-নেত্রীদের, এই ঘটনার নিন্দা করা উচিত এবং মুখ্য সচিব, স্বরাষ্ট্র সচিব, পুলিশের ডিজি এবং মালদার পুলিশ সুপারের ভূমিকা এক্ষেত্রে অত্যন্ত হতাশাজনক বলেও শীর্ষ আদালত অভিমত ব্যক্ত করেছে। কলকাতা হাইকোর্টের প্রধান

বিচারপতি এবং হাইকোর্টের রেজিস্ট্রারকে বারবার জানানো সত্ত্বেও কেন কোনো ব্যবস্থা নেওয়া হয়নি, তার ব্যাখ্যাও দিতে বলেছে প্রধান বিচারপতির বেঞ্চ।

মামলার পরবর্তী শুনানি সোমবার ৬'ই এপ্রিল বিকেল চারটেয়। ঐদিনই মুখ্যসচিব, ডিজিপি, জেলা ম্যাজিস্ট্রেট এবং পুলিশ সুপারকে ভার্চুয়ালি উপস্থিত থাকার নির্দেশ দেওয়া হয়েছে।

--------------------

বিজেপি, মালদার ঘটনার তীব্র নিন্দা করেছে।

এদিকে, তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রি মমতা ব্যানার্জিও মালদায় বিচারকদের আটকে রাখার ঘটনার নিন্দা করেছেন। । মালদহের বৈষ্ণবনগরে আজ এক জনসভায় মমতা বললেন, 'সেখানে কংগ্রেসিদের অত্যাচারে এই গণ্ডগোল হয়েছে।'তিনি বলেন, মানুষের'ক্ষোভ আছে , তাঁর ও ক্ষোভ আছে,। সেই কারণেই সুপ্রিম কোর্টে গিয়ে লড়াই করা হয়েছে। কিন্তু এই রায় বেরনোর পর বিচারকদের আটকে রাখার কী দরকার ছিল সেই প্রশ্ন তোলেন তিনি ।

বাইট

--------------------

অন্যদিকে, বাংলায় ভোট করতে দেওয়া হবে না বলেই মালদহের ঘটনা ঘটানো হয়েছে বলে তৃণমূল কংগ্রেস অভিযোগ করেছে । আজ এক সাংবাদিক সম্মেলনে রাজ্যের মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বলেন, বাংলায় ভোট না করতে দেওয়ার জন্যে এরকম গেমপ্ল্যান চলছে।

--------------------

আজকের প্রসঙ্গের এবারের বিষয় ' অবাধ ভোটের হাতিয়ার প্রযুক্তি ' রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল এবং পর্যবেক্ষক সুব্রত গুপ্তর সঙ্গে কথা

বলেছেন অভিরূপ ভট্টাচার্য। আজকে শুনবেন দ্বিতীয় তথা শেষ পর্ব। আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

--------------------

রাজ্য বিধানসভা নির্বাচনে দ্বিতীয় দফায় ১৪২টি আসনে আগামী ২৯-শে এপ্রিল ভোটগ্রহণের জন্য আজ বিজ্ঞপ্তি জারির মধ্য দিয়ে মনোনয়ন পত্র দাখিলের কাজ শুরু হয়েছে। ৯-ই এপ্রিল পর্যন্ত মনোনয়ন পেশ করা যাবে। পরদিন ১০-ই এপ্রিল সেগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন ১৩ ই এপ্রিল।

এদিকে একইসঙ্গে প্রথম দফায় ২৩-শে এপ্রিলের ভোটগ্রহণের জন্যও মনোনয়নপত্র দাখিলের কাজ চলেছে। সোমবার ৬-ই এপ্রিল পর্যন্ত প্রার্থীপদ দাখিল করা যাবে। পরের দিন সেগুলি পরীক্ষা করে দেখা হবে। নাম প্রত্যাহারের শেষ দিন ৯ ই এপ্রিল।

দু দফারই ভোট গণনা চৌঠা মে।

--------------------

প্রবীণ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বাংলায় পরিবর্তন আনতে ভবানীপুরে পরিবর্তন আনার ডাক দিয়েছেন। কলকাতায় আজ ভবানীপুরের বিজেপি প্রার্থী ও বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এবং রাসবিহারী, বালিগঞ্জ ও চৌরঙ্গী বিধানসভার বিজেপি প্রার্থীদের মনোনয়ন কর্মসূচিতে অংশ নেওয়ার আগে এক জনসভায় তিনি অভিযোগ করেন,বাংলার মানুষের জীবন তোলাবাজি, কাটমানি,দুর্নীতি,মহিলাদের নিরাপত্তা হীনতা ,অনুপ্রবেশের কারণে জনবিন্যাসের পরিবর্তন সহ বিভিন্ন ঘটনায় দুর্বিষহ হয়ে উঠেছে। তাই প্রতিটি প্রান্তের মানুষ তৃণমূল কংগ্রেসের বিদায়এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে বিজেপি সরকার চাইছে। বাংলায় পরিবর্তন আনার

দায়িত্ব রাজ্যের ভোটদাতাদের। তিনি সবাইকে ভয় মুক্ত হয়ে ভোট দেওয়ার আবেদন জানান। কোন দুষ্কৃতী তাদের ভয় দেখাতে পারবে না বলে শ্রী শাহ দাবি করেন।

বাইট

এরপর অমিত শাহ হাজরা মোড় থেকে সার্ভে বিল্ডিং পর্যন্ত এক বর্ণাঢ্য শোভাযাত্রায় উপস্থিত ছিলেন। বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী প্রমূখ সেখানে উপস্থিত ছিলেন।

এদিকে শোভাযাত্রা চলাকালীন স্থানীয় তৃণমূল কংগ্রেস কর্মীরা বিভিন্ন জায়গায় দলীয় পতাকা নিয়ে বিক্ষোভ দেখাবার চেষ্টা করলেও পাল্টা বিজেপি কর্মীদের স্লোগানে তারা সরে যায়।বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর মনোনয়ন দাখিলের সময়ও তৃণমূল কর্মী সমর্থকেরা বাধা দেন বলে অভিযোগ।

--------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের উপস্থিতিতে ভবানীপুর বিধানসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী শুভেন্দু অধিকারীর মনোনয়ন জমা দিতে যাবার সময় বিজেপি কর্মীদের উপর হামলার ঘটনার সমালোচনা করেছেন দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। সল্টলেকে আজ নতুন এক দলীয় কার্যালয় উদ্বোধন করে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে শমীক বাবু বলেন, তৃণমূল কংগ্রেস ও সন্ত্রাস সমর্থক। তাদের দলীয় কর্মীরা সন্ত্রাসের আশ্রয় নেবে এটাই স্বাভাবিক।

বাইট

শমীক বাবু আরও বলেন, মনোনয়ন পত্র জমা দেবার সময় ভবানীপুরে মানুষের স্বত : স্ফূর্ত সাড়া বুঝিয়ে দিয়েছে, নন্দীগ্রাম ও ভবানীপুর দুই কেন্দ্রেই বিজেপি প্রার্থী জয়ী হবেন।

--------------------

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনে বামফ্রন্ট, ষষ্ঠ দফায় আরও দুজন প্রার্থীর নাম ঘোষণা করেছে। দুটি আসনেই সিপিআইএম প্রতিদ্বন্দ্বিতা করবে। কালিম্পং এ মহিলা প্রার্থী রিতা থাপা, এবং লাভপুরে মানসা Manasha Hansda প্রতিদ্বন্দ্বীতা করবে বলে ফ্রন্টের তরফে আজ এক বিবৃতিতে জানানো হয়েছে।

--------------------

সূর্যের তাপ এবং বাতাসে আদ্রতার পরিমাণ বেশি থাকায় রাজ্যের বহু জেলাতেই আজ সারাদিনই গরম ও অস্বস্তিকর আবহাওয়া অনুভূত হয়। আগামী দুদিনও একই রকম তাপমাত্রা বজায় থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

আগামীকালের জন্য কলকাতা হাওড়া উত্তর ও দক্ষিণ চব্বিশ পরগনা পশ্চিম মেদিনীপুর বাঁকুড়া ঝাড়গ্রাম পুরুলিয়া পশ্চিম বর্ধমান এবং বীরভূম জেলায় হলুদ সর্তকতা জারি করা হয়েছে।

এদিকে আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৬ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় ১ ডিগ্রি বেশি। সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৩৫ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে সামান্য বেশি।

আগামী দু'দিনে এই তাপমাত্রা কোথাও কোথাও আরও ৩ থেকে ৫ ডিগ্রি পর্যন্ত বৃদ্ধি পেতে পারে । স্থানীয় ভাবে বজ্রগর্ভ মেঘের কারণে কোথাও কোথাও হালকা বৃষ্টি হওয়ার সম্ভাবনা আছে।

--------------------

কলকাতার ইডেন গার্ডেনসে আজ সন্ধ্যায় আইপিএল ক্রিকেটের ম্যাচে কলকাতা নাইটরাইডার্স, সানরাইজার্স হায়দ্রাবাদ এর মুখোমুখি হয়েছে। কলকাতা টসে জিতে ফিল্ডিং করছে। হায়দ্রাবাদ প্রথমে ব্যাট করতে নেমে শেষ পাওয়া খবরে, সানরাইজার্স, ৫ ওভারে বিনা উইকেটে ৭১ রান করেছে।

উল্লেখ্য, দুটি দলই এবারের আইপিএলে তাদের প্রথম ম্যাচে পরাজিত হয়। কলকাতা নাইট রাইডার্স মুম্বই ইন্ডিয়ান্স এর কাছে ও সানরাইজার্স হায়দ্রাবাদ, রয়াল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরুর কাছে ৬ উইকেটে পরাজিত হয়েছে।

-------------------- --------------------